দৈনিক সংবাদ

পৃ: ৭ কলাম ২

৬৪

**ইসলামী বিশ্ববিদ্যালয়**

# রাজাকার প্রতিরোধ কর্মসূচী ক্যাম্পাসে বিডিআর

ইসলামী বিশ্ববিদ্যালয়, ২৮শে আগস্ট (নিজস্ব সংবাদদাতার ফোন)।– ইসলামী বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রপতির আগমনের প্রতিবাদে বিভিন্ন ছাত্র সংগঠনের উদ্যোগে গঠিত রাজাকার প্রতিরোধ কমিটির বিক্ষোভ মিছিল ও সমাবেশ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য তিন সহস্রাধিক বিডিআর মোতায়েন করা হয়েছে।

আবাসিক হল তিনটি আগামীকাল ৯টা হতে রাষ্ট্রপতি থাকা পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। আজ রাত ৮টা হতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব পুলিশ জেলা প্রশাসনের ওপর ছেড়ে দেয়া হয়েছে।

সাধারণ ছাত্রছাত্রীরা আবাসিক হ'ল ত্যাগ করতে শুরু করেছে।

আজকের মিছিল–সমাবেশশেষে আগামীকালের নতুন কর্মসূচী ঘোষণা করা হয়েছে। কর্মসূচী হলো: ১১টায় বিক্ষোভ মিছিল, সমাবেশ, কালো পতাকা উত্তোলন, কালো ব্যাজ ধারণ।

আজকের সমাবেশে বক্তব্য রাখেন মনোয়ার আজাদ, আবদুল কাদের টুটুল প্রমুখ।

এছাড়াও অর্থনীতি বিভাগের মুহিত রহমান ও বাংলা বিভাগের ইয়াসিন আলীর নেতৃত্বে সকল প্রগতিশীল শিক্ষক রাষ্ট্রপতির আগমনের প্রতিরোধে মুক্তিযুদ্ধের পক্ষের সকল শক্তিকে এগিয়ে আসার আহ্বান জানান।